

জাতীয় বিশ্ববিদ্যালয়

২১ মার্চ কলেজসমূহে

অনার্স প্রথম বর্ষে

ভর্তি পরীক্ষা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামী ২১ মার্চ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৯২টি সেন্টারে একযোগে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবারে এক লাখ আসনের বিপরীতে প্রতিযোগিতা করছে মাত্র এক লাখ বিশ হাজার পরীক্ষার্থী। অর্থাৎ আসন অনুযায়ী প্রতিযোগিতা খুব কম হচ্ছে।

জানা গেছে, গত শিক্ষাবর্ষ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে কেন্দ্রীয়ভাবে পরীক্ষা নেয়ার পদ্ধতি চালু করা হয়। এই

(৭. পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

২১ মার্চ কলেজসমূহে

(৮-এর পাতার পর)

পদ্ধতি অনুযায়ী উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মেধাক্রম অনুযায়ী বিভিন্ন কলেজে ভর্তি করা হয়। গতবার ১৫০টি কলেজে অনার্সে ভর্তি করা হলেও এবার বিভিন্ন কারণে কয়েকটি কলেজে অনার্স ভর্তি বন্ধ রাখা হয়েছে।

৩১টি বিষয়ে আসন রয়েছে ১ লাখের মতো। কিন্তু এই আসনের বিপরীতে পরীক্ষা দিচ্ছে মাত্র এক লাখ বিশ হাজারের মতো পরীক্ষার্থী। এবারে এইচএসসি পরীক্ষার ফল বিপর্যয়ের কারণে প্রতিযোগিতা কম হচ্ছে বলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা ধারণা করছেন। এক শ' নম্বরের পরীক্ষা এমসিকিউ (নৈর্ব্যক্তিক) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। পরীক্ষা সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে ৯২টি সেন্টারে আসন বণ্টন দিয়ে দেয়া হয়েছে।